

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রশাসন শাখা

Website: www.dnc.gov.bd

৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৪.৩১.০০২.২২.৩৫০

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯

৩১ অক্টোবর ২০২২

বিষয়: ৪র্থ শিল্প বিপ্লবের (সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায়) সাথে সামঞ্জস্য রেখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা

সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ১.৪ কার্যক্রমের আওতায় ১.৪.১ কর্মসম্পাদন সূচক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ১.৪ কার্যক্রমের আওতায় ১.৪.১ কর্মসম্পাদন সূচক মোতাবেক ৪র্থ শিল্প বিপ্লবের (সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায়) সাথে সামঞ্জস্য রেখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা সদয় জ্ঞাতার্থে এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।



৩১-১০-২০২২

কাজী আবেদ হোসেন

পরিচালক

ফোন: ০২-৪৮৩২২১৬৭

ফ্যাক্স: ০২-৪৮৩২২১৮৬

ইমেইল: diradmin@dnc.gov.bd

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৪.৩১.০০২.২২.৩৫০/১(৩)

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯

৩১ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) স্টাফ অফিসার টু ডিজি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



৩১-১০-২০২২

কাজী আবেদ হোসেন

পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
website: www.dnc.gov.bd

৪র্থ শিল্প বিপ্লবের (সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায়) সাথে সামঞ্জস্য রেখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা

সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ১.৪ কার্যক্রমের আওতায়
১.৪.১ কর্মসম্পাদন সূচক

পটভূমি :

১৭৮৪ সালে পানি ও বাষ্পীয় ইঞ্জিনের নানামুখী ব্যবহারের কৌশল আবিষ্কারের মাধ্যমে প্রথম শিল্পবিপ্লব সংঘটিত হয়েছিল। ১৮৭০ সালে বিদ্যুৎ আবিষ্কারের ফলে কায়িক পরিশ্রমের জায়গা দখল করে বিদ্যুৎচালিত যন্ত্রপাতি এবং দ্বিতীয় শিল্পবিপ্লবের উন্মেষ ঘটে। দ্বিতীয় শিল্পবিপ্লবের ঠিক ১০০ বছরে ১৯৬৯ সালে আবিষ্কৃত হয় ইন্টারনেট। শুরু হয় ইন্টারনেটভিত্তিক তৃতীয় শিল্পবিপ্লব। ইন্টারনেটের আবির্ভাবে তৃতীয় শিল্পবিপ্লবের সময় তথ্যপ্রযুক্তির সহজ ও দ্রুত বিনিময় শুরু হলে সারা বিশ্বের অগ্রগতির যাত্রা কয়েকগুণ বেড়ে যায়। ম্যানুয়াল চর্চা ছেড়ে যাত্রা শুরু হয় ভার্চুয়াল জগতের। চতুর্থ শিল্পবিপ্লবের আগমন ঘটেছে এ ভার্চুয়াল জগতেরই আরও বিস্তৃত পরিসর ও ব্যাপ্তি নিয়ে।

চতুর্থ শিল্পবিপ্লবের ভিত হছে ‘জ্ঞান এবং কৃত্রিম বুদ্ধিমত্তা’ভিত্তিক কম্পিউটিং প্রযুক্তি। রোবটিক্স, আইওটি, ন্যানো প্রযুক্তি, ডেটা সায়েন্স ইত্যাদি প্রযুক্তি প্রতিনিয়ত চতুর্থ শিল্পবিপ্লবকে প্রতিষ্ঠিত করছে অনন্য উচ্চতায়। চতুর্থ শিল্পবিপ্লবের প্রভাব সবচেয়ে বেশি পড়বে কর্মবাজারে। অটোমেশন প্রযুক্তির ফলে ক্রমেই শিল্পকারখানা হয়ে পড়বে যন্ত্রনির্ভর। চতুর্থ শিল্পবিপ্লবের ফলে শ্রমনির্ভর এবং অপেক্ষাকৃত কম দক্ষতানির্ভর চাকরি বিলুপ্ত হলেও উচ্চ দক্ষতানির্ভর নতুন কর্মবাজার সৃষ্টি হবে। সে অভিলক্ষ্য অর্জনে আমাদের তরুণ প্রজন্মকে প্রস্তুত করে তোলার এখন প্রত্যাশিত সময়। দক্ষ জনশক্তি প্রস্তুত করা সম্ভব হলে জনমিতিক লভ্যাংশকে কাজে লাগিয়ে চতুর্থ শিল্পবিপ্লবের সুফল ভোগ করার ক্ষেত্রে বাংলাদেশ অন্য অনেক দেশের চেয়ে উপযুক্ত।

উদ্দেশ্য :

১. গণসচেতনতার মাধ্যমে মাদক ও নেশা জাতীয় দ্রব্যের অপব্যবহার রোধকরণ;
২. মাদক সরবরাহ হ্রাসকরণ;
৩. মাদকের ক্ষতি হ্রাস ও মাদকাসক্ত চিকিৎসা;
৪. মাদকাসক্তি হ্রাস ও মাদকবিরোধী কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিকরণ; এবং
৫. মাদক বিরোধী কার্যক্রমের তথ্য সমৃদ্ধকরণ।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ :

মাদকাসক্তদের তালিকা প্রণয়নপূর্বক তাঁদের যথাযথ চিকিৎসা প্রদান, সীমিত জনবল ও লজিস্টিক সাপোর্টের মাধ্যমে কার্যকর মাদকবিরোধী অভিযান পরিচালনা এবং মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা-এ অধিদপ্তরের জন্য অন্যতম প্রধান চ্যালেঞ্জ।

৪র্থ শিল্প বিপ্লবের (সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায়) সাথে সামঞ্জস্য রেখে অধিদপ্তর কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা:

স্বল্প মেয়াদী কার্যক্রম (নভেম্বর ২০২২ হতে জুন ২০২৩):

ক্রম	কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	বাস্তবায়ন কারী
১	4IR চ্যালেঞ্জসমূহ চিহ্নিতকরণ এবং বাস্তবায়নের রূপরেখা প্রণয়ন শীর্ষক কর্মশালা আয়োজন <ul style="list-style-type: none">4IR সম্পর্কে ধারণা প্রদানবাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ চিহ্নিতকরণবাস্তবায়নের রূপরেখা প্রণয়ন	সংখ্যা	০২টি	পরিচালক (প্রশাসন)
২	মাদক সংক্রান্ত অপরাধ মোকাবেলায় তাৎক্ষণিক তথ্য প্রেরণে জনসম্পৃক্ততা বৃদ্ধিকরণ, গোয়েন্দা তথ্য সংগ্রহে জটিলতা ও দ্রুত তথ্য আদান প্রদানে সীমাবদ্ধতা দূরকরণ এবং মাদক চোরকারবারী/ বিক্রেতাদের অনুসরণের লক্ষ্যে একটি অপারেশনাল এপস তৈরি এপসের নামঃ <ul style="list-style-type: none">Live Operation Visible Execution (LOVE)	সংখ্যা	০১টি	পরিচালক (প্রশাসন/ অপারেশনস)
৩	মাদকের অপব্যবহার রোধকল্পে সমন্বিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য DNC Awareness & Motivational Activity Monitoring System (DAM-AMS) সফটওয়্যার তৈরি	সংখ্যা	০১টি	পরিচালক (নিরোধ শিক্ষা)
৪	মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোকে সিসিটিভি নেটওয়ার্কের আওতায় আনয়ন	শতকরা	৬০%	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)

মধ্য মেয়াদী কার্যক্রম (জুলাই ২০২৩ হতে জুন ২০২৪):

ক্রম	কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	বাস্তবায়ন কারী
১	4IR এর ধারণা ও উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ২৫ জন কর্মকর্তা-কর্মচারীর একটি বিশেষায়িত ইউনিট গঠন বিষয়ঃ <ul style="list-style-type: none">সাইবার ক্রাইম মনিটরিংডিজিটাল ফরেনসিক ইনভেস্টিগেশনসাইবার সিকিউরিটিডার্কওয়েব ও ডিপওয়েব, ক্রিপ্টোকোরেন্সিInternet of Things (IoT)মেশিন লার্নিং ও বিগ ডাটা এনালাইসিসআর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, ভার্চুয়াল রিয়েলিটি	প্রশিক্ষার্থীর সংখ্যা	২৫ জন	পরিচালক (প্রশাসন/ অপারেশনস)

ক্রম	কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	বাস্তবায়ন কারী
২	মাদক সংক্রান্ত অপরাধ মোকাবেলায় তাৎক্ষণিক তথ্য প্রেরণে জনসম্পৃক্ততা বৃদ্ধিকরণ, গোয়েন্দা তথ্য সংগ্রহে জটিলতা ও দ্রুত তথ্য আদান প্রদানে সীমাবদ্ধতা দূরকরণ এবং মাদক চোরকারবারী/ বিক্রেতাদের অনুসরণের লক্ষ্যে একটি অপারেশনাল এপস Live Operation Visible Execution (LOVE) ব্যবহারের লক্ষ্যে জনসাধারণের মাঝে প্রচার-প্রচারণা বৃদ্ধি ও টিভিসি নির্মাণ	সংখ্যা	০৫টি	পরিচালক (প্রশাসন)
৩	মাদকের অপব্যবহার রোধকল্পে সমন্বিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য DAM-AMS সফটওয়্যার ব্যবহারকারীদের প্রশিক্ষণ প্রদান	সংখ্যা	১০০টি	পরিচালক (নিরোধ শিক্ষা)
৪	মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোকে সিসিটিভি নেটওয়ার্কের আওতায় আনয়ন	শতকরা	৯৫%	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
৫	মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম মনিটরিং এর লক্ষ্যে Central Monitoring System (CMS) চালু <ul style="list-style-type: none"> নিরাময় কেন্দ্রে ভর্তিকৃত রোগীদের সকল তথ্য এবং কেস হিস্ট্রি সংগ্রহে একটি ডাটাবেজ সিস্টেম তৈরি ডাটাবেজ সিস্টেমে ভর্তিকৃত রোগীদের সকল তথ্য এবং কেস হিস্ট্রি আপলোড 	সংখ্যা	১টি System	পরিচালক (প্রশাসন/ চিকিৎসা ও পুনর্বাসন) এবং আইসিটি সেল

দীর্ঘ মেয়াদী কার্যক্রম (জুলাই ২০২৪ হতে জুন ২০২৭):

ক্রম	কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	বাস্তবায়নকারী
১	<ul style="list-style-type: none"> Live Operation Visible Execution (LOVE) এর মাধ্যমে পরিচালিত অপারেশনাল ফিডব্যাক রিপোর্ট ব্যবহারকারীকে প্রেরণ পদ্ধতি চালুকরণ ওপেন সোর্স নেটওয়ার্কিং এর মাধ্যমে মাদক চোরকারবারীদের তালিকা প্রস্তুত 	সংখ্যা	১টি System	পরিচালক (প্রশাসন/ অপারেশনস)
২	মাদকের অপব্যবহার রোধকল্পে সমন্বিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য DAM-AMS সফটওয়্যার ব্যবহার এবং ফিডব্যাক রিপোর্ট প্রেরণ পদ্ধতি চালুকরণ	সংখ্যা	১টি System	পরিচালক (নিরোধ শিক্ষা)
৩	মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম মনিটরিং এর লক্ষ্যে Central Monitoring System (CMS) ডাটাবেজ সিস্টেমে ভর্তিকৃত রোগীদের সকল তথ্য এবং কেস হিস্ট্রি আপলোড	শতকরা	৫০%	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
৪	মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোকে সেন্ট্রাল সিসিটিভি নেটওয়ার্কের আওতায় আনয়ন এবং প্রধান কার্যালয় থেকে মনিটরিং	শতকরা	৮০%	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)



কাজী আবেদ হোসেন
পরিচালক (প্রশাসন অর্থ ও পরিকল্পনা)